# গাজী ওয়্যারস্ লিমিটেড

(বিএসইসি, শিল্প মন্ত্রণালয়)

কালুরঘাট, চট্টগ্রাম।

বিষয়: গাজী ওয়্যারস্ লিমিটেড'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ মোতাবেক নৈতিকতা কমিটির ১ম কোয়াটার (জুলাই-সেপ্টেম্বর'২৩) সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মনিরুজ্জামান খান<br>ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত) |
| তারিখ | : | ১৯-০৯-২০২৩ |
| সময় | : | সকাল ১১:৩০ ঘটিকা |
| সভার স্থান | : | সভাকক্ষ, গাওলি। |

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ বাস্তবায়নের লক্ষ্যে গাজী ওয়্যারস্ লিমিটেড এর বিদ্যমান নৈতিকতা কমিটির ১ম কোয়াটার (জুলাই-সেপ্টেম্বর'২৩) এর সভা অদ্য ১৯-০৯-২০২৩ তারিখ সকাল ১১:৩০ ঘটিকায় নৈতিকতা কমিটির আহবায়ক ও ব্যবস্থাপনা পরিচালক মহোদয় জনাব মোঃ মনিরুজ্জামান খান এর সভাপতিত্বে গাওলি সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নৈতিকতা কমিটির নিম্নবর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেন:

| | |
|---|---|
| ০১। জনাব গাজী মাজহারুল আনোয়ার, উপ-প্রধান প্রকৌশলী(যান্ত্রিক) ও উৎপাদন বিভাগীয় প্রধান | : সদস্য |
| ০২। জনাব গোলাম রাব্বি মোহাম্মদ সাদাত হোসেন, সহঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা ও হিসাব বিভাগীয় প্রধান | : সদস্য |
| ০৩। জনাব উদয়ন দাশ গুপ্ত, প্রোগ্রামার ও বাণিজ্যিক বিভাগীয় প্রধান | : সদস্য |
| ০৪। জনাব মোঃ মনিরুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা ও প্রশাসন বিভাগীয় প্রধান (০১৭১১-৯৬২২৮০) | : ফোকাল পয়েন্ট |
| ০৫। জনাব মঈনুদ্দীন আহমদ চৌধুরী, সহঃ প্রকৌশলী(যান্ত্রিক) ও রক্ষণাবেক্ষণ বিভাগীয় প্রধান (অঃ দাঃ) | : সদস্য |
| ০৬। জনাব মোহাম্মদ ফারুক, সহঃ প্রকৌশলী(যান্ত্রিক), মান-নিয়ন্ত্রণ বিভাগ | : সদস্য |

২.০ সভার শুরুতে কমিটির আহবায়ক সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন, সোনার বাংলা গড়ার প্রত্যয়ে 'জাতীয় শুদ্ধাচার কৌশল' সরকারের একটি যুগোপযোগী পদক্ষেপ। দাপ্তরিক সকল কাজে শুদ্ধাচার প্রতিষ্ঠা করা অত্যন্ত জরুরী ও প্রয়োজনীয়। সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন অপরিহার্য। প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার পুরস্কার সকল কর্মচারীর কর্মকান্ডকে উৎসাহিত করে। কমিটির আহবায়ক নৈতিকতা কমিটির ১ম কোয়াটার (জুলাই-সেপ্টেম্বর'২৩) এর সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়াদি উপস্থাপনের জন্য কমিটির সদস্য-সচিব ও প্রশাসন বিভাগীয় প্রধানকে নির্দেশনা প্রদান করেন।

৩.০ কমিটির সদস্য-সচিব বলেন, শুদ্ধাচার কৌশল প্রণয়নের মূল উদ্দেশ্য সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে স্বস্ব কর্ম সম্পাদনের মাধ্যমে সরকারের সকল কার্যক্রমে সুশাসন প্রতিষ্ঠা করা। অত:পর তিনি প্রতিষ্ঠান কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর নির্ধারিত বিষয়ে ধার্যকৃত লক্ষ্যমাত্রা এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতি সম্পর্কে বিভাগ/শাখাওয়ারী উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করেন। সভায় উপস্থিত বিভাগীয় প্রধানগণ তাদের স্ব স্ব বিভাগের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোচনা করেন।

৪.০ সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ধার্যকৃত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত সার্বিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করেন এবং যথাসময়ে সভা হওয়ায় সন্তোষ প্রকাশ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৫.০ সিদ্ধান্তসমূহ:

ক) দাপ্তরিক কাজে ডি-নথির যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। প্রয়োজনে ডি-নথির ব্যবহার বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

চলমান পাতা-২

খ) কর্মকর্তা/কর্মচারী/শ্রমিকদের যথাসময়ে অফিসে উপস্থিত ও কর্মস্থল ত্যাগের বিষয়টি নিশ্চিত করতে ডিজিটাল হাজিরা পদ্ধতি চালু রাখতে হবে।

গ) কর্ম-পরিবেশ উন্নয়নে নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করতে হবে।

ঘ) প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত সভাগুলোতে সংশ্লিষ্ট কর্মকর্তদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।

ঙ) জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের নীতিমালা অনুযায়ী কর্মরত কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

চ) নৈতিকতা কমিটির সভায় বাস্তবায়ন অগ্রগতির তথ্য সম্বলিত প্রতিবেদন যথাসময়ে বিএসইসিতে প্রেরণ করতে হবে।

৬.০ সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোহাম্মদ ফারুক
সহঃ প্রকৌশলী(যান্ত্রিক)
মান-নিয়ন্ত্রণ বিভাগ, গাওলি ও
সদস্য, নৈতিকতা কমিটি।

মঈনুদ্দীন আহমদ চৌধুরী
সহঃ প্রকৌশলী(যান্ত্রিক)
রক্ষণাবেক্ষণ বিভাগীয় প্রধান (অঃ দাঃ) ও
সদস্য, নৈতিকতা কমিটি।

মোঃ মনিরুল ইসলাম
প্রশাসনিক কর্মকর্তা
প্রশাসন বিভাগীয় প্রধান ও
সদস্য-সচিব, নৈতিকতা কমিটি।

উদয়ন দাশ গুপ্ত
প্রোগ্রামার
বাণিজ্যিক বিভাগীয় প্রধান
ও সদস্য, নৈতিকতা কমিটি।

গোলাম রাব্বি মোহাম্মদ সাদাত হোসেন
সহঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
হিসাব বিভাগীয় প্রধান ও
সদস্য, নৈতিকতা কমিটি।

গাজী মাজহারুল আনোয়ার
উপ-প্রধান প্রকৌশলী(যান্ত্রিক)
উৎপাদন বিভাগীয় প্রধান ও
সদস্য, নৈতিকতা কমিটি।

মোঃ মনিরুজ্জামান খান
ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত)
ও আহবায়ক, নৈতিকতা কমিটি।